

ডিএনসি নরসিংদী কর্তৃক ২৭৪ কেজি গাঁজা, কাভার্ড ভ্যান ও ৩টি মোবাইল সেটসহ ৩ জন আসামী গ্রেফতার।



গোপন সংবাদের ভিত্তিতে অদ্য ২৮ মার্চ ২০১৭ তারিখ পূর্বাঞ্চে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) এর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, নরসিংদী কর্তৃক নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ থানাধীন সাওগাত এলাকায় গাঁজা ব্যবসায়ী মো: নবী (৩৫) (পলাতক) এর ভাড়াকৃত গুদামঘর থেকে ২০০ (দুইশ) কেজি গাঁজা

উদ্ধার করা হয়। ফাঁদ পাতায় মো: সাহাদাৎ (২০) নামীয় আসামীকে উক্ত ঘটনায় জড়িত থাকায় একটি মোবাইল ফোনসহ গ্রেফতার করা হয়। এছাড়া আসামী গাঁজা ব্যবসায়ী মো: নবী (৩৫) পলাতক রয়েছে।

অপর একটি পৃথক ঘটনাস্থল ঢাকাগামী ঘোড়াশাল সড়ক টোল প্লাজার পূর্ব পার্শ্বে নিপু মিয়া (২৫) ও মোঃ সুমন মিয়া (৩০) নামীয় ০২(দুই) জন আসামীকে

একটি কাভার্ড ভ্যানে তৈরীকৃত বিশেষ প্রকোর্টের ভিতরে রক্ষিত ৭৪ (সাতাত্তর) কেজি গাঁজা ও ২টি মোবাইল সেটসহ গ্রেফতার করা হয়। উক্ত আসামীদ্বয় আন্তঃজেলা কুখ্যাত মাদক পাচারকারী।

তাঁদের সকলের বিরুদ্ধে মাদকদ্রব্য আইন, ১৯৯০ এর ১৯ এর (১) টেবিলের ৭(খ) ধারায় সংশ্লিষ্ট থানাসমূহে মামলা দায়ের করা হয়েছে।